

বাকুবিতে 'হিট' প্রকল্পের যাত্রা শুরু

বাকুবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

দেশে কৃষি শিক্ষার মানোন্নয়ন ও বিশ্বমানের করে তোলার পাশাপাশি দক্ষ কৃষিবিদ তৈরি করতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) কৃষি অনুষদের 'ট্রান্সফরমেশন' অব অ্যাগ্রিকালচারাল এডুকেশন ফর এনহ্যান্সিং কোয়ালিটি অব অ্যাগ্রিকালচার গ্র্যাজুয়েটস' শীর্ষক গবেষণা প্রকল্পের উদ্বোধনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৮ অক্টোবর) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ডিন অফিসের সম্মেলন কক্ষে এ কর্মশালার অনুষ্ঠিত করা হয়।

‘হায়ার এডুকেশন ফর অ্যাগ্রিকালচারাল ট্রান্সফরমেশন’ (এইচইএটি) শীর্ষক প্রকল্পের আওতায় কর্মশালাটি ঘোথভাবে আয়োজন করে বিশ্ববিদ্যালয় ম্বিজুরি কমিশন (ইউজিসি) ও বাকুবির কৃষি অনুষদ।

বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. এ. কে. ফজলুল হক ভুঁইয়া বলেন, প্রত্যেকে যদি নিজের দায়িত্ব সম্পর্কে সচেতন থাকে, তাহলে আমরা আমাদের দায়িত্ব আরো নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে পালন করতে পারব।

আমি বিশ্বাস করি, আমাদের শিক্ষকরা তাদের দায়িত্ব সঠিকভাবেই পালন করছেন এবং ভবিষ্যতেও তা করবেন।

উপাচার্য আরো বলেন, শিক্ষার্থীরা শ্রেণিকক্ষ থেকে তাত্ত্বিক জ্ঞান অর্জন করে, আর মাঠপর্যায়ে প্র্যাকটিক্যাল কাজের মাধ্যমে সেই জ্ঞানকে দক্ষতায় রূপান্তরিত করে। এই দুইয়ের সমন্বয়েই গড়ে ওঠে প্রকৃত ‘কোয়ালিটি গ্র্যাজুয়েট’। তাই ক্যাম্পাসের প্রতিটি অনুষদে প্র্যাকটিক্যাল শিক্ষার প্রতি আরো গুরুত্বারোপ করা প্রয়োজন।

প্রকল্পের উপ-প্রকল্প ব্যবস্থাপক অধ্যাপক ড.
মাছুম আহমাদ বলেন, 'হিট' প্রকল্পের মাধ্যমে
কৃষি অনুষদের পাঠ্যক্রম, প্রশিক্ষণ ও গবেষণায়
নতুন মাত্রা যোগ হবে। এটি আমাদের
শিক্ষার্থীদের বাস্তবমুখী ও উদ্ভাবনী চিন্তায়
অনুপ্রাণিত করবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত
ছিলেন কৃষি অনুষদের ডিন অধ্যাপক ড. জি
এম মুজিবর রহমান, প্রকল্পের ব্যবস্থাপনা
বিশেষজ্ঞ অধ্যাপক ড. মো. মোজাহার আলী ও
কৃষি অনুষদের প্রাক্তন ডিন অধ্যাপক ড. এম.
জহিরউদ্দিন।

কর্মশালায় স্বাগত বক্তব্য দেন এইচইএটি
প্রকল্পের সহকারী উপ-প্রকল্প ব্যবস্থাপক
অধ্যাপক ড. আবু জোফার মো. মোসলেহ
উদ্দিন।

এরপর প্রকল্প উপস্থাপনা করেন অধ্যাপক ড. মো. মফিজুর
রহমান জাহাঙ্গীর। কর্মশালায় কৃষি অনুষদের শিক্ষক, গবেষক ও
সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।